

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ২৫/০২/২০২১ খ্রি.

২০২০ সনের অনার্স ৩য় বর্ষ (নিয়মিত) পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৯ সনের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

নিয়মিত ছাত্রীদের পরীক্ষার ফি

বিষয়ের নাম	পরীক্ষার ফি
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, ইসলামী শিক্ষা, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি	৩,৩৫৫.০০
মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা	৩,১৩০.০০
পদার্থবিজ্ঞান	৪,৪২০.০০
রসায়ন	৪,০১৫.০০
উদ্ভিদবিদ্যা	৩,৭৯০.০০
প্রাণিবিদ্যা	৩,২৩৫.০০
ভূগোল ও পরিবেশ	৪,৪৮০.০০
মনোবিজ্ঞান	৩,১৮৫.০০
গার্হস্থ্য অর্থনীতি	৩,৪৪৫.০০
গণিত	৪,০৬০.০০
পরিসংখ্যান	৩,৮৬৫.০০
*নন-কলেজিয়েট ফি (নির্ধারিত টাকার সাথে যোগ হবে)	১,৫০০.০০

পরীক্ষার আবেদন ফরম ও ফি জমা : ০১/০৩/২০২১ হতে ০৮/০৩/২০২১ খ্রি. পর্যন্ত

বিভাগ কর্তৃক অনলাইনে ভেরিফাই করে বিবরণী জমাদানের তারিখ: ০৯/০৩/২০২১ খ্রি.

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

১. অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) :-

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7College.du.ac.bd) Form fill-up বাটনে ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলি উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যের ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ বিভাগীয় প্রধান স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ০৬/০৩/২০২১ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

২. ফরম পূরণের ফি জমা দেয়া:

পরীক্ষার ফি ডাচ বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং (রকেট, নেক্সাস পে বা এজেন্ট ব্যাংকিং) এর মাধ্যমে পরিশোধ করা যাবে। কলেজে নগদ টাকা জমা দেয়া হবে না।

৩) পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী

(ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য:

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৯ সনের ২য় বর্ষ সম্মান পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীরা ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সেই সকল শিক্ষার্থীকে “নন-কলেজিয়েট” শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং “নন-কলেজিয়েট” ফিস প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে “ডিস-কলেজিয়েট” শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং “ডিস-কলেজিয়েট” শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।


৪। বিভাগের করণীয়ঃ

(ক) অনলাইনে ফরম পূরণ ও ফি জমা সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যায় ছাত্রীদের দ্রুততম সময়ে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

(খ) কোন ছাত্রী অনার্স ৩য় বর্ষে ভর্তি না হয়ে থাকলে ভর্তির বিজ্ঞপ্তি অনুযায়ী চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(গ) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে Form fill-up লিংক এ গিয়ে কলেজ লগ-ইন করে “আন ভেরিফাইড” লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে, শিক্ষার্থীর ফরম পূরণের ফিস পরিশোধ হয়ে থাকলে এবং শিক্ষার্থী ৩য় বর্ষে পরীক্ষায় অংশগ্রহণের শর্ত পূরণ করলে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন দিতে ইচ্ছুক সে বিষয় কোড এন্ট্রি করতে হবে। পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন।

ঘ) ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ: অনার্স ৩য় বর্ষ পরীক্ষার্থীদের ফরমপূরণের সময়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেলে পূরণ করে বিভাগীয় প্রধানের স্বাক্ষরসহ হার্ডকপি ও সফট কপি কলেজের রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।


(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৩। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৫। সংরক্ষণ নথি।

